

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি.জি.-৪.৫৫ এ

বিষয় - রবীন্দ্রনাথ : বিবিধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। রবীন্দ্রনাথের চিঠিপত্র সম্পাদনা করার সময় পরিকল্পনা ও বিন্যাস প্রসঙ্গে যে মূল কথাগুলি তুমি বিবেচনা করবে, তা সংক্ষেপে বুঝিয়ে লেখো। ১০
- অথবা
- ২। রবীন্দ্রনাথের 'গীতবিতান' বইটি সম্পাদনা করবার ক্ষেত্রে মূল সমস্যার জায়গাগুলি কী কী বলে তুমি মনে করো? কয়েকটি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও। ১০
- ৩। ইংরেজি 'গীতাঞ্জলি' বইটির পরিকল্পনা ও বিন্যাস সম্পর্কে সংক্ষেপে জানিয়ে এই বইয়ের যে কোনো একটি কবিতার রবীন্দ্র-কৃত অনুবাদ বিষয়ে তোমার মতামত জানাও। ১০
- অথবা
- ৪। নিজের রচনা অনুবাদ করা আসলে এক অর্থে পুনর্লিখন। রবীন্দ্রনাথ অনুবাদিত অন্তত দুটি কবিতার প্রসঙ্গ উল্লেখ করে এই বিষয়ে তোমার অবস্থান বুঝিয়ে দাও। ১০
- ৫। 'ভাণ্ডার' পত্রিকা কার উদ্যোগে প্রথম প্রকাশিত হয়েছিল? এই পত্রিকার সম্পাদকের দায়িত্ব নেওয়ার পরে রবীন্দ্রনাথ ঠাকুর কী কী নতুনত্ব এনেছিলেন লেখো। ১০
- অথবা
- ৬। 'বালক', 'হিতবাদী' এই দুটি পত্রিকা সম্পাদনার ক্ষেত্রে রবীন্দ্রনাথের ভূমিকা আলোচনা করো। ১০
- ৭। 'মালতী পুঁথি'তে প্রাপ্ত কবিতার পাঠান্তর পরিণত রবীন্দ্র-কবিতার মধ্যে তুমি কীভাবে খুঁজে পাও, উদাহরণসহ আলোচনা করো। ১০
- অথবা
- ৮। 'রক্তকরবী' নাটকের এতগুলি পরিমার্জন ও পাঠান্তরের প্রয়োজনীয়তা রবীন্দ্রনাথ কেন উপলব্ধি করেছিলেন, যুক্তিসহ লেখো। ১০

★ ★ ★